গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১
www.sylhetdiv.gov.bd

বিষয়: সিলেট বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির অক্টোবর, ২০২৬ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মশিউর রহমান কমিশনার
সভার তারিখ	১৯ অক্টোবর, ২০২৬
সভার সময়	সকাল -১০:০০
স্থান	বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই সভাপতি বিভাগীয় পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণকে পরিচয় জ্ঞাপনের অনুরোধ জানান। এরপর সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ও অত্র কমিটির সদস্য সচিব সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

২.০ বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:

গত ১৭ আগস্ট, ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্পর্কে সভায় আলোচনা করা হয়। কার্যবিবরণীটি ২৭ আগস্ট, ২০২৬ তারিখে ০৫.৪৬.০০০০.০০০.০০৫.০৬.০০১.২২.৩৫১ নম্বরে সংশ্লিষ্ট সকলের নিকট ডি-নথি এবং ই-মেইল যোগে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। গত সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহ ও এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.০ সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

<table>
<tr><th colspan="4">আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td colspan="4">গত সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:
১৭ আগস্ট, ২০২৬ মাসের বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:</td><td rowspan="2">১৭ আগস্ট, ২০২৬ মাসের সভায় গৃহীত ১১০টি সিদ্ধান্তের মধ্যে ১০৬টি সিদ্ধান্ত বাস্তবায়িত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অবশিষ্ট ৪টি সিদ্ধান্ত আগামী সভার পূর্বে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td rowspan="2">বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সকল সদস্য</td></tr>
<tr><td>সভার তারিখ</td><td>সিদ্ধান্তের সংখ্যা</td><td>সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা</td><td>সিদ্ধান্ত বাস্তবায়নের হার</td></tr>
<tr><td>১৭ আগস্ট ২০২৬</td><td>১১০</td><td>১০৬</td><td>৯৬.৩৬%</td><td></td></tr>
<tr><td colspan="4">৩.১. বিভাগীয় সড়ক ও জনপথ অফিস, সিলেট:
ঢাকা সিলেট হাইওয়ে ছয় লেন প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সিলেট ও হবিগঞ্জ অংশে ভূমি অধিগ্রহণের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে কাজের গতি বাড়ানোর ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। প্রকল্প এলাকায় অবস্থিত ১৮টি স্কুল ও বৈদ্যুতিক খুঁটিসমূহ দ্রুত অপসারণের</td><td>৩.১.১. ঢাকা-সিলেট হাইওয়ে ছয় লেন প্রকল্পের ভূমি অধিগ্রহণের মামলা দ্রুত নিষ্পত্তিসহ প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>১.অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট
২. জেলা প্রশাসক, সিলেট ও
হবিগঞ্জ</td></tr>
</table>

বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ঢাকা-সিলেট সড়কের হুমায়ুন রশিদ চত্বর থেকে চন্ডিপুল পর্যন্ত মেরামত ও রিজিড পেভমেন্ট (Rigid Pavement) নির্মাণের কাজ চলমান রয়েছে যা আগামী দেড় মাসের মধ্যে পুরোপুরি সম্পন্ন হবে বলে সভাকে জানানো হয়। মৌলভীবাজার-সিলেট সড়কের ১৮তম কিলোমিটারে কুশিয়ারা নদীর উভয় পাশে ফেরি চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। শায়েস্তাগঞ্জ-হবিগঞ্জ সড়ক প্রশস্তকরণের জন্য ইতোমধ্যে ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন হয়েছে। প্রকল্প উন্নয়ন প্রস্তাব (DPP) প্রস্তুতের কাজ শেষ করে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হবে মর্মে সভাকে জানানো হয়। মিরপুর-শ্রীমঙ্গল-মৌলভীবাজার-শেরপুর (এন-২০৭) সড়কের মৌলভীবাজার থেকে শেরপুর পর্যন্ত সড়কাংশ সংস্কার কাজের দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া শেষে ঠিকাদারি প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং শীঘ্রই একাজ শুরু হবে বলে সভাকে অবহিত করা হয়। চারখাই-শেওলা সড়ক উন্নয়নের নিমিত্ত দরপত্র মূল্যায়ন কার্যক্রম সমাপ্তপূর্বক ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠানগুলো ইতোমধ্যে মাঠপর্যায়ে মাটি কাটার কাজ শুরু করে দিয়েছে এবং আগামী ১-২ মাসের মধ্যে কাজের দৃশ্যমান অগ্রগতি দেখা যাবে বলে সভাকে জানানো হয়। তাছাড়া এ প্রকল্পে জেলা প্রশাসনের সহযোগিতায় ভূমি অধিগ্রহণের বর্তমান অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয় এবং উদ্ভূত যেকোনো চাপ সামলে কাজ চালিয়ে যাওয়ার বিষয়ে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। সিলেট বিমানবন্দর সড়কটিকে ফোর-লেনে উন্নীতকরণের জন্য কিছু বিষয় পর্যবেক্ষণের পর সংশোধিত ডিপিপি (DPP) সংশ্লিষ্ট দপ্তরে দ্রুত জমা দেওয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.১.২. ঢাকা-সিলেট হাইওয়ে ছয় লেন প্রকল্প এলাকায় অবস্থিত স্কুলসমূহ দ্রুত অপসারণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১.অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট ২. জেলা প্রশাসক, সিলেট ও হবিগঞ্জ ৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল ৪. উপ পরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট
	৩.১.৩. ঢাকা-সিলেট হাইওয়ে ছয় লেন প্রকল্প এলাকায় অবস্থিত বৈদ্যুতিক খুঁটিসমূহ দ্রুত অপসারণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপাবিবো, সিলেট
	৩.১.৪. হুমায়ুন রশীদ চত্বর থেকে চন্ডিপুল পর্যন্ত রাস্তার অবশিষ্ট কাজ গুণগতমান বজায় রেখে দ্রুত সম্পন্ন করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট
	৩.১.৫. মৌলভীবাজার-সিলেট সড়কের ১৮তম কিলোমিটারে কুশিয়ারা নদীর উভয় পাশে ফেরি চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট
	৩.১.৬. শায়েস্তাগঞ্জ-হবিগঞ্জ সড়ক প্রশস্তকরণের জন্য প্রকল্প উন্নয়ন প্রস্তাব সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট
	৩.১.৭. মৌলভীবাজার-শেরপুর(এন-২০৭) সড়কের মৌলভীবাজার থেকে শেরপুর পর্যন্ত সড়কাংশের কাজ দ্রুত শুরু করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট
	৩.১.৮. চারখাই শেওলা সড়ক উন্নয়ন প্রকল্পের কাজ গুণগতমান বজায় রেখে যথাসময়ে সম্পন্ন করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট
	৩.১.৯. চারখাই- শেওলা সড়কাংশ উন্নয়ন প্রকল্পের ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে।	জেলা প্রশাসক, সিলেট
	৩.১.১০. সিলেট বিমানবন্দর সড়কটিকে ফোর-লেনে উন্নীতকরণের জন্য সংশোধিত ডিপিপি সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট

৩.২. এলজিইডি, সিলেট বিভাগ: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) কর্তৃক 'সিলেট বিভাগীয় গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প'-এর অনুমোদন পাওয়া গেলে এ কাজ বাস্তবায়নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার তেলিয়াপাড়া স্মৃতিসৌধে যাতায়াতের রাস্তার কাজের ঠিকাদারি প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের পর কার্যাদেশ (Work Order) প্রদান করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। সুনামগঞ্জের জামালগঞ্জ-সাচনা বাজার খেয়া পারাপারের স্থানে একটি ১২৭৫ মিটার দীর্ঘ ব্যালেন্স ক্যান্টিলিভার ও পিসি গার্ডার ব্রিজের জন্য আহ্বানকৃত দরপত্রের আর্থিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে এবং বর্তমানে এটি চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত সংশ্লিষ্ট দপ্তরে আছে বলে সভায় অবহিত করা হয়।	৩.২.১. 'সিলেট বিভাগীয় গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প' অনুমোদনের প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখতে হবে। ৩.২.২. তেলিয়াপাড়া স্মৃতিসৌধে যাতায়াতের রাস্তার কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। ৩.২.৩. সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ-সাচনা বাজার খেয়া পারাপারের স্থানে ব্রিজ নির্মাণের দরপত্র চূড়ান্ত অনুমোদনক্রমে পরবর্তী কার্যক্রম শুরু করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট
৩.৩. গণপূর্ত জোন, সিলেট: সিলেট বিভাগে নির্মাণাধীন সকল মডেল মসজিদের নির্মাণ কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সিলেট জেলা মডেল মসজিদ, বিয়ানীবাজার ও কোম্পানীগঞ্জ উপজেলা মডেল মসজিদের স্থান নির্ধারণের জন্য প্রস্তাবিত জায়গাসমূহ ধর্ম মন্ত্রণালয়ের গঠিত কমিটি ইতোমধ্যে পরিদর্শন করেছেন। সংশ্লিষ্ট উপজেলা প্রশাসন কর্তৃক জায়গার প্রস্তাব প্রণয়নের কাজ চলমান রয়েছে বলে সভাকে জানানো হয়।	৩.৩.১. বিভাগাধীন সকল মডেল মসজিদ গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ/সম্পন্নের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১.অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট ২. পরিচালক, ইসলামী ফাউন্ডেশন, সিলেট
	৩.৩.২. সিলেট জেলা মডেল মসজিদ এবং বিয়ানীবাজার ও কোম্পানীগঞ্জ উপজেলা মডেল মসজিদের জায়গার প্রস্তাব দ্রুত সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।	১.অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট ২. জেলা প্রশাসক, সিলেট ৩. পরিচালক, ইসলামী ফাউন্ডেশন, সিলেট
শ্রীমঙ্গল উপজেলা মডেল মসজিদ নির্মাণের জন্য প্রস্তাবিত উপজেলা পরিষদের ভেতরের জায়গা ও কাটিয়াবাজারের বিদ্যমান জামে মসজিদ এলাকা ধর্ম মন্ত্রণালয়ের গঠিত কমিটি ইতোমধ্যে পরিদর্শন করেছেন বলে সভাকে অবহিত করা হয়। সিলেট বিভাগে নির্মাণাধীন পাবলিক সার্ভিস কমিশনের ভবন নির্মাণ কাজ ইতোমধ্যে ৯৫% সম্পন্ন হয়েছে। দীর্ঘদিন ধরে বকেয়া নিয়ে জটিলতা থাকায় অল্প কাজের জন্য এটি আটকে রয়েছে বলে সভাকে জানানো হয়। সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় নির্মাণ প্রকল্পের কনসালটেন্ট বা পরামর্শক নিয়োগের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে এবং তা উন্মুক্ত (Open) করা হয়েছে বলে সভায় অবহিত করা হয়। কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগের নিজস্ব চারতলা ভবনটিকে পাঁচ তলায় সম্প্রসারণের জন্য নকশাটি হস্তান্তরের বিষয়ে সভায় গুরুত্বাপরোপ করা	৩.৩.৩. শ্রীমঙ্গল উপজেলা মডেল মসজিদের জায়গার প্রস্তাব দ্রুত সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।	১.অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট ২. জেলা প্রশাসক, মৌলভীবাজার ৩. পরিচালক, ইসলামী ফাউন্ডেশন, সিলেট

হয়। নবনির্মিত বিভাগীয় সমাজসেবা ভবনের ১৮ কিলোওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেলটি সচল করা এবং ভবনের অন্যান্য ত্রুটি মেরামতে গণপূর্ত বিভাগের প্রযুক্তিগত সহায়তার বিষয়ে সভায় আলোকপাত করা হয়। সিলেট বিভাগীয় তথ্য কমপ্লেক্সের অডিটোরিয়ামের একুয়েস্টিক (Acoustics) এবং অভ্যন্তরীণ সাজসজ্জার কাজ বাকি রয়েছে যা প্রয়োজনীয় দরপত্র ও ক্রয় প্রক্রিয়া সংশ্লিষ্ট পরিচালক সম্পন্ন করবেন বলে সভায় জানানো হয়।	৩.৩.৪. সিলেট পাবলিক সার্ভিস কমিশনের ভবন নির্মাণ কাজের ঠিকাদারের বকেয়া পরিশোধের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণক্রমে অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। ৩.৩.৫. সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় নির্মাণ প্রকল্পের কনসালটেন্ট বা পরামর্শক নিয়োগের দরপত্র প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করতে হবে"। ৩.৩.৬. কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগের চারতলা ভবনের নকশাটি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩.৩.৭. বিভাগীয় সমাজসেবা ভবনের ১৮ কিলোওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেলটি সচল করা এবং ভবনের অন্যান্য ত্রুটি মেরামতের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট
	৩.৩.৮. বিভাগীয় তথ্য কমপ্লেক্স অডিটোরিয়ামের একুয়েস্টিক (Acoustics) এবং অভ্যন্তরীণ সাজসজ্জার কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।	পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট
৩.৪. পানি উন্নয়ন বোর্ড, সিলেট: সুরমা ও কুশিয়ারা নদী তীর সুরক্ষার জন্য নির্ধারিত মোট ১৭ কিলোমিটার কাজের মধ্যে ১৫ কিলোমিটারের (৮টি প্যাকেজ) কার্যাদেশ ইতোমধ্যে প্রদান করা হয়েছে এবং নদী ড্রেজিং কাজের মোট ১২১ কিলোমিটার ড্রেজিং কাজের ২১টি প্যাকেজের মধ্যে ১২টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। এছাড়া বাসিয়া নদী এবং কুশি খালের উভয়টিরই পুনঃখনন কাজের কার্যাদেশ (Work Order) ইতোমধ্যে প্রদান করা হয়েছে। বাসিয়া নদীর প্রি-ওয়ার্ক সার্ভে কাজ সম্পন্ন হয়েছে এবং পিয়াইন নদী ড্রেজিং করার লক্ষ্যে বাপা (BAPA) UpDown টাস্কফোর্সসহ যৌথ জরিপ পরিচালনা করা হচ্ছে বলে সভাকে অবহিত করা হয়। সাদা পাথর বিওপি রক্ষার্থে সিসি (CC) ব্লক দ্বারা স্থায়ী প্রতিরক্ষা কাজ আসন্ন শুষ্ক মৌসুমে ঠিকাদারি প্রতিষ্ঠান পুনরায় শুরু করলে চলতি অর্থবছরেই কোনো বাধা ছাড়াই পুরোপুরি সমাপ্ত হবে বলে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। জকিগঞ্জের লকিগঞ্জ কাস্টমস ঘাট থেকে হায়দ্রাবন্দ এলাকা পর্যন্ত এলাকার কুশিয়ারা নদী ভাঙন রোধে প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের জন্য একটি প্রস্তাবনা পরিচালন বাজেটে (Operational Budget) প্রেরণ করা হয়েছে এবং স্থায়ী প্রকল্পের পাশাপাশি যদি	৩.৪.১. সুরমা ও কুশিয়ারা নদী তীর সুরক্ষা ও ড্রেজিং কার্যক্রম দ্রুত শুরু করতে হবে।	১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট জোন ২. জেলা প্রশাসক, সিলেট ও মৌলভীবাজার
	৩.৪.২. বাসিয়া নদী, কুশি খাল এবং পিয়াইন নদীতে ড্রেজিং বা পুনঃখনন কর্মসূচি কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শুরু করতে হবে।	১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট জোন ২. জেলা প্রশাসক, সিলেট
	৩.৪.৩. সাদা পাথর বিওপি রক্ষা বাঁধে স্থায়ী ব্লক স্থাপন কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। ৩.৪.৪. জকিগঞ্জের লকিগঞ্জ কাস্টমস ঘাট থেকে হায়দ্রাবন্দ এলাকা পর্যন্ত কুশিয়ারা নদীর ভাঙন রোধে ব্লক বা স্থায়ী প্রতিরক্ষা বাঁধ নির্মাণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ৩.৪.৫. ধলাই নদীর ভাঙ্গন প্রতিরোধে ২টি পৃথক প্রকল্পে অনুমোদনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট জোন

অবিলম্বে কোনো তাৎক্ষণিক পদক্ষেপের (Immediate measure) প্রয়োজন হয় তাহলে পানি উন্নয়ন বোর্ড জরুরি ভিত্তিতে স্বল্প বাজেটে তা সমাধান করবে বলে সভাকে জানানো হয়। পানি উন্নয়ন বোর্ডের পক্ষ থেকে ধলাই নদীর ভাঙন প্রতিরোধে ৫০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ের ২টি পৃথক প্রকল্প প্রস্তুত করা হয়েছে। মোকাবিল নামক স্থানের ভাঙন রোধের বিষয়টি উক্ত প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত (Include) করে প্রকল্প প্রণয়ন কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে মর্মে সভাকে জানানো হয়। 'মনু নদীর ভাঙ্গন হতে মৌলভীবাজার জেলার সদর, রাজনগর ও কুলাউড়া উপজেলা রক্ষা' সংক্রান্ত প্রকল্পের আওতায় সদর, রাজনগর ও কুলাউড়া উপজেলায় সর্বমোট ১০৬.০৩১১ একর ভূমি অধিগ্রহণের কার্যক্রম মৌলভীবাজার জেলা প্রশাসকের কার্যালয়ে চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সুনামগঞ্জ জেলার হাওরাঞ্চলে নদী ড্রেজিং প্রকল্পে ড্রেনেজ আউটলেট/স্লুইস গেট অন্তর্ভুক্ত করার জন্য গঠিত কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী পুনঃগঠিত ডিপিপি (DPP) পানি উন্নয়ন বোর্ডে দাখিল করা হয়েছে বলে সভাকে জানানো হয়। সুনামগঞ্জের হাওড় অঞ্চলের ফসল রক্ষা বাঁধের প্রাক-কাজ, পিআইসি (PIC) গঠন ও বাঁধ মেরামতের কাজ নভেম্বর থেকে ফেব্রুয়ারির মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.৪.৬. 'মনু নদীর ভাঙ্গন হতে মৌলভীবাজার জেলার সদর, রাজনগর ও কুলাউড়া উপজেলা রক্ষা' সংক্রান্ত প্রকল্পের ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।	জেলা প্রশাসক, মৌলভীবাজার
	৩.৪.৭. সুনামগঞ্জ জেলার নদী ড্রেজিংয়ের পুনঃগঠিত ডিপিপি (DPP) অনুমোদনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট জোন
	৩.৪.৮. সুনামগঞ্জের হাওড় অঞ্চলের ফসল রক্ষা বাঁধের প্রাক-কাজ, পিআইসি (PIC) গঠন ও বাঁধ মেরামতের কাজ নভেম্বর থেকে ফেব্রুয়ারির মধ্যে সম্পন্ন করতে হবে।	১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট জোন ২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৩.৫. স্বাস্থ্য পরিচালকের কার্যালয়, সিলেট: ২৫০ শয্যাবিশিষ্ট নবনির্মিত সিলেট জেলা হাসপাতালটি সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে একটি বিশেষায়িত হাসপাতাল হিসেবে পরিচালনার জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। হাসপাতালটি পূর্ণাঙ্গভাবে চালুর নিমিত্ত প্রয়োজনীয় বাউন্ডারি ওয়াল এবং বর্জ্য ব্যবস্থাপনা প্ল্যান্টের জন্য গণপূর্ত বিভাগ একটি প্রাক্কলন (Estimation) তৈরি করেছে। একাজ শেষ হলেই ভবনটি পুরোপুরি হস্তান্তর করা সম্ভব হবে মর্মে সভাকে জানানো হয়। শহীদ শামসুদ্দিন হাসপাতালকে ২০০ শয্যাবিশিষ্ট একটি আধুনিক শিশু হাসপাতাল হিসেবে উন্নীত করার প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হলে এটি অনুমোদনের প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। হাম নিয়ন্ত্রণে শিশুদের স্বাস্থ্য সুরক্ষায় চলমান টিকাদান ক্যাম্পেইনের সময়সীমা আরও ১ মাস বাড়ানো হয়েছে বলে সভাকে জানানো হয়। ডেঙ্গুর প্রকোপ রোধে প্রতিটি সরকারি দপ্তরের আঙ্গিনা ও আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা	৩.৫.১. ২৫০ শয্যাবিশিষ্ট নবনির্মিত সিলেট জেলা হাসপাতালের বাউন্ডারি ওয়াল ও বর্জ্য ব্যবস্থাপনা প্ল্যান্টের কাজ সম্পন্নক্রমে হাসপাতালটি হস্তান্তরের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট
	৩.৫.২. শহীদ শামসুদ্দিন হাসপাতালকে ২০০ শয্যাবিশিষ্ট শিশু হাসপাতালে উন্নীতকরণে প্রস্তাবনা অনুমোদনের প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখতে হবে।	পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট
	৩.৫.৩. হাম নিয়ন্ত্রণে শিশুদের চলমান টিকাদান ক্যাম্পেইন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট

করা হয়।	৩.৫.৪. ডেঙ্গুর প্রকোপ রোধে প্রতিটি সরকারি দপ্তরের আঙ্গিনা ও আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সকল সদস্য
৩.৬. সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট হাসপাতালে দালাল নির্মূলে এবং আইনশৃঙ্খলা রক্ষায় জেলা প্রশাসনের সহযোগিতায় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.৬.২. হাসপাতালে দালাল নির্মূল ও আইনশৃঙ্খলা রক্ষায় জেলা প্রশাসনের সহযোগিতায় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে।	১.উপপরিচালক, এমএজি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট ২. জেলা প্রশাসক, সিলেট
৩.৭. বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট: পরিবার পরিকল্পনা কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাঠপর্যায় ও দাপ্তরিক সেবা উন্নত করার লক্ষ্যে পরিবার পরিকল্পনা দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে সময়মতো অফিসে উপস্থিত থেকে জনগণকে সেবা প্রদানের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.৭.১. পরিবার পরিকল্পনা কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ৩.৭.২. মাঠপর্যায় ও দাপ্তরিক সেবা উন্নত করার লক্ষ্যে পরিবার পরিকল্পনা দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে সময়মতো অফিসে উপস্থিতির বিষয়টি যথাযথভাবে তদারকি করতে হবে।	পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট
৩.৮. স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সার্কেল-৬, সিলেট: এমএজি ওসমানী মেডিকেল কলেজের পুরুষ হোস্টেল ভবন নির্মাণ কাজের বর্তমান ভৌত অগ্রগতি ১৮% এবং ছাত্রী হোস্টেল ভবনের অগ্রগতি ২৬% মর্মে সভাকে জানানো হয়। তাছাড়া অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন স্থাপনার রুটিন রক্ষণাবেক্ষণ (Routine Maintenance)-এর জন্য দরপত্রসমূহ প্রক্রিয়াধীন রয়েছে যা আগামী মাসের মধ্যে মূল্যায়নক্রমে মাঠপর্যায়ে কাজ শুরু করা সম্ভব হবে বলে সভাকে অবহিত করা হয়। সুনামগঞ্জ ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজির ঠিকাদারকে অব্যাহতি দেওয়া এবং প্রাঙ্গণ সুরক্ষার জন্য সাময়িকভাবে আনসার সদস্য মোতায়েনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৩.৮.১. এম এ জি ওসমানী মেডিকেল কলেজে নির্মাণাধীন ০২টি হোস্টেলের কাজ গুণগতমান বজায় রেখে যথাসময়ে সম্পন্ন করতে হবে। ৩.৮.২. স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন স্থাপনার রুটিন রক্ষণাবেক্ষণ কাজ যথাসময়ে শুরু করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
	৩.৮.৩. সুনামগঞ্জ ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজিতে সাময়িকভাবে আনসার সদস্য মোতায়েনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৩.৯. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সার্কেল: চা শ্রমিকদের জন্য বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পটি পুনঃপ্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উন্নয়নমূলক কাজের জন্য বরাদ্দকৃত অর্থের মাধ্যমে পরিচালিত প্রকল্পগুলো জেলা ও উপজেলা পর্যায়ে অত্যন্ত স্বচ্ছতার সাথে বাস্তবায়নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.৯.১. চা শ্রমিকদের জন্য বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পটি পুনঃপ্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সার্কেল
	৩.৯.২. উন্নয়নমূলক প্রকল্পসমূহ জেলা ও উপজেলা পর্যায়ে স্বচ্ছতার সহিত বাস্তবায়ন করতে হবে।	১. জেলা প্রশাসক (সকল) ২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সার্কেল

৩.১০. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল: শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পাঠদানের কার্যক্রম নিয়মিত তদারকির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। 'নতুন কুঁড়ি' স্পোর্টস ২০২৬-২৭ (সিজন-২) এ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অংশগ্রহণ, প্রচারণা ও রেজিস্ট্রেশন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধে সকল শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনা ও পার্শ্ববর্তী স্থানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.১০.১. শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। ৩.১০.২. 'নতুন কুঁড়ি' স্পোর্টস এ শিক্ষার্থীদের সর্বোচ্চ অংশগ্রহণ ও রেজিস্ট্রেশন নিশ্চিতকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ৩.১০.৩. ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধে সকল শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনা ও পার্শ্ববর্তী স্থানসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১.পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, সিলেট অঞ্চল ২. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, সিলেট অঞ্চল
৩.১১. কারিগরি শিক্ষা অধিদপ্তর, সিলেট বিভাগ: কারিগরি শিক্ষা দপ্তরের অধীনে থাকা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমসমূহ স্বাভাবিকভাবে অব্যাহত রয়েছে মর্মে সভাকে জানানো হয়।'নতুন কুঁড়ি' স্পোর্টস ২০২৬-২৭ (সিজন-২) এ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অংশগ্রহণ, প্রচারণা ও রেজিস্ট্রেশন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধে সকল কারিগরি প্রতিষ্ঠানের আঙ্গিনা ও পার্শ্ববর্তী স্থানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.১১.১. কারিগরি শিক্ষা দপ্তরের অধীনে থাকা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ৩.১১.২. 'নতুন কুঁড়ি' স্পোর্টস এ শিক্ষার্থীদের সর্বোচ্চ অংশগ্রহণ ও রেজিস্ট্রেশন নিশ্চিতকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ৩.১১.৩. ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধে সকল কারিগরি প্রতিষ্ঠানের আঙ্গিনা ও পার্শ্ববর্তী স্থানসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সিলেট বিভাগ
৩.১২. বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট: প্রাথমিক বিদ্যালয়ের পাঠদানের কার্যক্রম নিয়মিত তদারকির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। 'নতুন কুঁড়ি' স্পোর্টস ২০২৬-২৭ (সিজন-২) এ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণ, প্রচারণা ও রেজিস্ট্রেশন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধে সকল শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনা ও পার্শ্ববর্তী স্থানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.১২.১. প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। ৩.১২.২. 'নতুন কুঁড়ি' স্পোর্টস এ শিক্ষার্থীদের সর্বোচ্চ অংশগ্রহণ ও রেজিস্ট্রেশন নিশ্চিতকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ৩.১২.৩. ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধে সকল প্রাথমিক বিদ্যালয়ের আঙ্গিনা ও পার্শ্ববর্তী স্থানসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১. জেলা প্রশাসক (সকল) ২.উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট।
৩.১৩. শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট সার্কেল: শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সিলেট সার্কেলের (সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ) আওতায় বর্তমানে ৫০৩টি উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.১৩.১. শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্মাণ/সংস্কার কাজ সংশ্লিষ্টদের নিয়মিত পরিদর্শনসহ নির্ধারিত সময়ের মধ্যে গুণগতমান নিশ্চিতপূর্বক সম্পন্ন করতে হবে।	১. জেলা প্রশাসক (সকল) ২.তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট

৩.১৪. পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট: বিদ্যুতের চাহিদার প্রেক্ষিতে লোডশেডিং এর প্রয়োজন হলে যথাযথভাবে শিডিউল প্রণয়নপূর্বক সংশ্লিষ্টদের অবহিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া পল্লী বিদ্যুতায়ন বোর্ডের গ্রাহকগণকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.১৪.১. লোডশেডিং এর প্রয়োজন হলে আগাম শিডিউল তৈরি করে সংশ্লিষ্টদের অবহিত করতে হবে। ৩.১৪.২. পল্লী বিদ্যুতায়ন বোর্ডের গ্রাহকগণকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট জোন
তাছাড়া বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে মার্কেট ও বিপণীবিতান খোলা ও বন্ধ রাখা সংক্রান্ত সরকারি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৩.১৪.৩. মার্কেট ও বিপণীবিতান খোলা ও বন্ধ সংক্রান্ত সরকারি নির্দেশনা বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১. জেলা প্রশাসক (সকল) ২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট জোন
৩.১৫. বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট: বিদ্যুতের চাহিদার প্রেক্ষিতে লোডশেডিং এর প্রয়োজন হলে যথাযথভাবে শিডিউল প্রণয়নপূর্বক সংশ্লিষ্টদের অবহিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের গ্রাহকগণকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.১৫.১. লোডশেডিং এর প্রয়োজন হলে আগাম শিডিউল তৈরি করে সংশ্লিষ্টদের অবহিত করতে হবে। ৩.১৫.২. বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের গ্রাহকগণকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট।
তাছাড়া বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে মার্কেট ও বিপণীবিতান খোলা ও বন্ধ রাখা সংক্রান্ত সরকারি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৩.১৫.৩. মার্কেট ও বিপণীবিতান খোলা ও বন্ধ সংক্রান্ত সরকারি নির্দেশনা বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১. জেলা প্রশাসক (সকল) ২. প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট।
৩.১৬. পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগীয় কার্যালয়: সিলেটের ০৫টি উপজেলায় (সিলেট সদর, কোম্পানীগঞ্জ, কানাইঘাট, জৈন্তাপুর ও গোয়াইনঘাট) স্টোন 'ক্রাশার জোন' স্থাপনের বিষয়ে আদালতের আদেশটির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর থেকে স্পষ্টীকরণ চেয়ে পত্র প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.১৬.১. সিলেটের ০৫টি উপজেলায় 'স্টোন ক্রাশার জোন' স্থাপনে আদালতের আদেশের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর থেকে স্পষ্টীকরণ চেয়ে পত্র প্রেরণ করতে হবে।	১. জেলা প্রশাসক, সিলেট ২. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট

৩.১৭. সিলেট সিটি কর্পোরেশন: চলতি অর্থবছরে সিলেট সিটি কর্পোরেশনের অধীনে ৪৫০ কোটি টাকা বরাদ্দের ৩টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে মর্মে সভাকে জানানো হলে নিয়মিত প্রকল্পের কাজ তদারকি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সিলেট শহরে জলাবদ্ধতা নিরসনে নিয়মিত খাল ও ছড়া থেকে ময়লা-আবর্জনা অপসারণ এবং ডেঙ্গুর প্রকোপ রোধে নিয়মিত মশক নিধন কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। নাগরিক ভোগান্তি কমাতে সিটি কর্পোরেশন এবং জেলা প্রশাসনের সমন্বয়ে ফুটপাত দখলমুক্ত রাখার কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। আগামী ১০ নভেম্বর থেকে সিলেটে বাংলাদেশ বনাম ওয়েস্ট ইন্ডিজের মধ্যকার আন্তর্জাতিক টেস্ট ম্যাচ উপলক্ষ্যে সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম সংলগ্ন এলাকা ও পুরো নগরীর সার্বিক পরিচ্ছন্নতা, মশক নিধন এবং প্রয়োজনীয় লাইটিং নিশ্চিত করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	৩.১৭.১. সিলেট সিটি কর্পোরেশনের অনুমোদিত প্রকল্পের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন এবং নিয়মিত তদারকি করতে হবে। ৩.১৭.২. শহরে জলাবদ্ধতা নিরসনে নিয়মিত খাল ও ছড়া থেকে ময়লা-আবর্জনা অপসারণ অব্যাহত রাখতে হবে। ৩.১৭.৩. ডেঙ্গুর প্রকোপ রোধে নিয়মিত মশক নিধন কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। ৩.১৭.৪. ফুটপাত দখলমুক্ত রাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৩.১৭.৫. বাংলাদেশ বনাম ওয়েস্ট ইন্ডিজের মধ্যকার আন্তর্জাতিক টেস্ট ম্যাচ উপলক্ষ্যে সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম সংলগ্ন এলাকা ও পুরো নগরীর সার্বিক পরিচ্ছন্নতা, মশক নিধন এবং প্রয়োজনীয় লাইটিং স্থাপন নিশ্চিত করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
৩.১৮. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়া নিয়মিত কার্যক্রম ওএমএস, খাদ্যবান্ধব কর্মসূচি, ভিজিডি (VGD), ভিজিএফ (VGF), কাবিখা এবং টিআর খাতের আওতায় খাদ্যশস্য বরাদ্দ ও বিতরণ তদারকি করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.১৮.১. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। ৩.১৮.২. ওএমএস, খাদ্যবান্ধব কর্মসূচি, ভিজিডি (VGD), ভিজিএফ (VGF), কাবিখা এবং টিআর খাতের আওতায় খাদ্যশস্য বরাদ্দ ও বিতরণ কার্যক্রম তদারকি করতে হবে।	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট অঞ্চল, সিলেট
৩.১৯. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল: সরকারের নির্বাচনী অঙ্গীকার কৃষক কার্ড বিতরণের লক্ষ্যে তথ্য সংগ্রহ, যাচাই ও অনুমোদন কার্যক্রম কাজ স্বচ্ছতার সহিত শতভাগ সম্পন্নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সিলেট বিভাগে অনাবাদী/পতিত কৃষি জমিকে নতুন করে চাষাবাদের আওতায় আনয়ন সংক্রান্ত হালনাগাদ তথ্য নিয়মিত সভায় রিপোর্ট আকারে উপস্থাপনের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	৩.১৯.১. কৃষক কার্ডের তথ্য সংগ্রহ, যাচাই ও অনুমোদন কার্যক্রম স্বচ্ছতার সহিত শতভাগ সম্পন্ন করতে হবে। ৩.১৯.২. সিলেট বিভাগে অনাবাদী/পতিত কৃষি জমিকে নতুন করে চাষাবাদের আওতায় আনয়ন সংক্রান্ত হালনাগাদ তথ্য সভায় নিয়মিত উপস্থাপন করতে হবে।	১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট ২. জেলা প্রশাসক (সকল)

৩.২০. বিএডিসি (সেচ), সিলেট সার্কেল: 'সিলেট বিভাগে ভূ-উপরিস্থ পানি ব্যবস্থাপনা ও ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি' শীর্ষক প্রকল্পের আওতায় সিলেট বিভাগে চলতি ২০২৬-২৭ অর্থবছরে খাল/নালা/পাহাড়ি ছড়া পুন:খনন/সংস্কার ১২০ কিলোমিটার, ৫/২/১-কিউসেক এলএলপি স্কীমে বারিড পাইপ লাইন নির্মাণ ৮১টি, ৫/২-কিউসেক এলএলপি সেচ স্কীমে বারিড পাইপ লাইন সম্প্রসারণ ১০২টি, স্প্রীংকলার সেচ পদ্ধতির প্রয়োগ ৪টি, মাঝারী/ছোট আকারের সেচ অবকাঠামো নির্মাণ ৩৬টি এবং ৬৮টি সেচযন্ত্র সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বর্ণিত সকল সেচ প্রকল্পের দরপত্রসমূহের মূল্যায়ন (Evaluation) কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে জানানো হয়।	৩.২০.১. চলতি অর্থবছরের বরাদ্দকৃত অর্থ দ্বারা "সিলেট বিভাগে ভূ-উপরিস্থ পানি সুষ্ঠু ব্যবস্থাপনা ও ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সেচ), বিএডিসি সার্কেল, সিলেট
৩.২১. বিএডিসি (বীজ বিপণন) অঞ্চল, সিলেট: রবি মৌসুমে বিভিন্ন জাতের মানসম্পন্ন বীজ সরবরাহ কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	৩.২১.১. রবি মৌসুমে বিভিন্ন জাতের মানসম্পন্ন বীজ সরবরাহ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	যুগ্ম-পরিচালক (বীজ বিপণন), বিএডিসি, সিলেট
৩.২২. বিএডিসি (সার), সিলেট অঞ্চল: আগামী নভেম্বর ও ডিসেম্বর মাস পর্যন্ত সিলেট বিভাগে সারের পর্যাপ্ত মজুদ রয়েছে এবং সার সরবরাহ নিয়ে কোনো প্রকার ঘাটতি বা জটিলতা নেই বলে সভাকে জানানো হয়।	৩.২২.২. সারের পর্যাপ্ত মজুদ নিশ্চিত রাখা এবং বিতরণ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে।	১. জেলা প্রশাসক (সকল) ২. যুগ্ম-পরিচালক (সার), বিএডিসি, সিলেট
৩.২৩. বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, সিলেট: সিলেট বিভাগের স্থানীয় জাতের গরুর মানোন্নয়নের জন্য **'ছোট গরুর জাত উন্নয়ন'** শীর্ষক প্রকল্পটির ফিজিবিলিটি স্টাডি বা সম্ভাব্যতা যাচাই ইতোমধ্যে সফলভাবে সম্পন্ন হয়েছে। স্টাডিতে কিছু ছোটখাটো পর্যবেক্ষণ ছিল যা সংশোধন করে অনুমোদনের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পাঠানো হয়েছে মর্মে সভাকে জানানো হয়।	৩.২৩.১. সিলেট বিভাগে ছোট গরুর জাত উন্নয়ন প্রকল্প অনুমোদনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, সিলেট
৩.২৪. মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ: চলতি অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় অত্র দপ্তরের আওতাধীন ২৪ টি উপজেলায় সর্বমোট ৬.৬৬ মেট্রিক টন পোনামাছ অবমুক্ত করা হয়েছে। যে সমস্ত উপজেলা পোনামাছ অবমুক্তি কার্যক্রম এখনো সম্পন্ন করতে পারেননি তাদেরকে ২০/১০/২০২৬ তারিখের মধ্যে অবমুক্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। হাওর অঞ্চলে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে সেপ্টেম্বর/২৬ খ্রি. মাসে সর্বমোট মোবাইল কোর্ট ০৬ টি, অভিযান ৩২ টি, কাঠা বা জাগ উচ্ছেদ ০৬ টি, আটককৃত মাছ ০.০৪১ মেট্রিক টন, আটককৃত জাল ২৮০ টি, জরিমানা ২৫,০০০ টাকা। হাওর অঞ্চলে মাছ ধরা নিষেধাজ্ঞাকালীন সময়ে জেলেদের খাদ্য সহায়তার আওতায় আনয়নের লক্ষ্যে প্রকৃত ক্ষতিগ্রস্থ জেলে বাছাই কার্যক্রম স্বচ্ছতার সহিত সম্পন্নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.২৪.১. পোনামাছ অবমুক্ত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ৩.২৪.২ মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট অভিযান কার্যক্রম পরিচালনা করতে হবে।	পরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট
	৩.২৪.৩. হাওর অঞ্চলে মাছ ধরা নিষেধাজ্ঞাকালীন সময়ে জেলেদেরকে খাদ্য সহায়তা প্রদানের জন্য বাছাই কার্যক্রম স্বচ্ছতার সহিত সম্পন্ন করতে হবে।	১. জেলা প্রশাসক, সিলেট/সুনমাগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার ২.পরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট

৩.২৫. বিআরডিবি, সিলেট: সভায় অনুপস্থিত থাকায় দাপ্তরিক কার্যক্রম সর্ম্পকে বিস্তারিত জানা যায় নি।	৩.২৫.১. সভায় নিয়মিত উপস্থিতিসহ দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	উপপরিচালক, বিআরডিবি, সিলেট
৩.২৬. বিভাগীয় সমবায় অফিস, সিলেট: সভায় অনুপস্থিত থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায় নি।	৩.২৬.১. সভায় নিয়মিত উপস্থিতিসহ দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, সিলেট
৩.২৭. জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট: দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণ ও বাজার মনিটরিংসহ মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.২৭.১. দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণ এবং পণ্যের গুণগত মান রক্ষায় মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১. জেলা প্রশাসক (সকল) ২.উপপরিচালক, বিভাগীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট
৩.২৮. বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট: বিভাগাধীন পাসপোর্ট অফিসসমূহে হয়রানিমুক্ত সেবা প্রদান ও দালালদের দৌরাত্ম্য রোধে বাইরে তদারকির পাশাপাশি কার্যালয়ের অভ্যন্তরীণ পরিবেশ এবং কর্মকর্তা-কর্মচারী কিংবা নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ওপরও নিজস্ব নজরদারি রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৩.২৮.১. এ বিভাগাধীন সকল পাসপোর্ট অফিসসমূহে হয়রানিমুক্ত সেবা প্রদান ও দালালদের দৌরাত্ম্য রোধে বাইরে তদারকির পাশাপাশি কার্যালয়ের অভ্যন্তরীণ পরিবেশ এবং কর্মকর্তা-কর্মচারী কিংবা নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ওপরও নিজস্ব নজরদারি রাখতে হবে।	১. জেলা প্রশাসক, (সকল) ২. পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট
৩.২৯. বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সিলেট: টেকসই পরিবেশগত উন্নয়নে বৃক্ষ সম্পদ' প্রকল্প: মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার ভিত্তিক "৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ" কর্মসূচির বিভিন্ন ক্যাটাগরিতে সিলেট বিভাগে ৫ বছরে মোট ১,১৩,২৭,৮৯০ টি (এক কোটি ১৩ লাখ ২৭ হাজার ৮ শত ৯০ টি) চারা রোপণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে যা প্রয়োজনীয় বরাদ্দ পাওয়া গেলে বৃক্ষরোপন কর্মসূচি পূর্ণাঙ্গভাবে সম্পন্ন করা হবে বলে সভাকে জানানো হয়। বড় মেগা প্রকল্পের পাশাপাশি বন বিভাগের নিজস্ব নিয়মিত/অপারেশনাল বরাদ্দের আওতায় চারা উৎপাদন, বিতরণ ও রোপণ কার্যক্রম স্বাভাবিক নিয়মে পরিচালিত হচ্ছে।	৩.২৯.১. লক্ষ্যমাত্রা অনুযায়ী সিলেট বিভাগের বৃক্ষরোপণ কর্মসূচী যথাযথভাবে সম্পন্নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ৩.২৯.২. বন বিভাগের নিজস্ব নিয়মিত/অপারেশনাল বরাদ্দের আওতায় চারা উৎপাদন, বিতরণ ও রোপণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বন বিভাগ
৩.৩০. বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট: সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বিভিন্ন ধরনের ভাতা প্রদান কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সরকারের অগ্রাধিকার প্রকল্প ফ্যামিলি কার্ডের জন্য প্রতি উপজেলার ৩টি ইউনিয়নের ১, ৩ ও ৭ নং ওয়ার্ডে গত ১৪ অক্টোবর ২০২৬ তারিখ থেকে মাঠপর্যায়ে তথ্য সংগ্রহের কাজ শুরু হয়েছে এবং ইতোমধ্যে প্রতি জেলায় ৫,০০০-এর বেশি তথ্য সংগৃহীত হয়েছে বলে সভাকে জানানো হয়। ফ্যামিলি কার্ডের যাবতীয় কার্যক্রম শতভাগ সম্পন্ন করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.৩০.১. বিভিন্ন ভাতা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। ৩.৩০.২. ফ্যামিলি কার্ডের যাবতীয় কার্যক্রম সতর্কতার সহিত শতভাগ সম্পন্ন করতে হবে।	পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট

৩.৩১. কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ: সবজিসহ নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম নিয়ন্ত্রণে রাখতে বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সুগন্ধি চালের বাজার স্থিতিশীল করার প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.৩১.১. সবজিসহ নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম নিয়ন্ত্রণে বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৩.৩১.২. সুগন্ধি চালের বাজার স্থিতিশীল করতে প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখতে হবে।	১. জেলা প্রশাসক (সকল) ২. উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর সিলেট বিভাগ, সিলেট
৩.৩২. বিভাগীয় ইসলামিক ফাউন্ডেশন অফিস, সিলেট: বর্ষা মৌসুমে ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধে ঘরবাড়ির আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে সম্মানিত খতিবগণকে জুমার বয়ানে এ বিষয়ে আলোচনার অনুরোধ জানানোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৩.৩২.১. ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধে ঘরবাড়ির আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে জুমার বয়ানে আলোচনার নিমিত্ত খতিবগণকে পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক ইসলামিক ফাউন্ডেশন, সিলেট
৩.৩৩. বিভাগীয় ফায়ার সার্ভিস, সিলেট: সিলেট বিভাগের বিভিন্ন পর্যটন এলাকায় গড়ে ওঠা রিসোর্ট ও বিনোদন কেন্দ্রগুলোতে উপযুক্ত অগ্নিনির্বাপণ ব্যবস্থা গুরুত্বসহকারে সরেজমিন খতিয়ে দেখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.৩৩.১. সিলেট বিভাগের বিভিন্ন রিসোর্ট ও বিনোদন কেন্দ্রগুলোতে অগ্নিনির্বাপণ ব্যবস্থা সরেজমিন খতিয়ে দেখতে হবে।	উপপরিচালক, ফায়ার সার্ভিস, সিলেট
৩.৩৪. বিএসটিআই বিভাগীয় কার্যালয়, সিলেট: নিত্যপণ্যের গুণগত মান নিশ্চিত করা এবং ভেজাল পণ্যের বিরুদ্ধে কঠোর নজরদারি বজায় রাখার জন্য এ বিভাগের প্রত্যেক জেলায় প্রতি মাসে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে অভিযান ও তদারকি কার্যক্রম বৃদ্ধি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৩.৩৪.১. এ বিভাগের প্রত্যেক জেলায় প্রতি মাসে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণ করে অভিযান ও তদারকি কার্যক্রম পরিচালনা করতে হবে।	১. জেলা প্রশাসক (সকল) ২.উপপরিচালক, বিএসটিআই, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৩.৩৫. বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, সিলেট: মাদক দ্রব্যের অপব্যবহার রোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা এবং সীমান্ত এলাকায় মাদক দ্রব্যের চোরাচালান বন্ধে নিয়মিত অভিযান পরিচালনা ও মোবাইল কোর্ট কার্যক্রম বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৩.৩৫.১. মাদক দ্রব্যের অপব্যবহার রোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করতে হবে। ৩.৩৫.২. সীমান্ত এলাকায় মাদক দ্রব্যের চোরাচালান বন্ধে নিয়মিত অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।	১. জেলা প্রশাসক (সকল) ২.অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, সিলেট
৩.৩৬. কর্মচারী কল্যাণ বোর্ড, সিলেট: কর্মচারী কল্যাণ বোর্ডের বিভিন্ন সেবাখাতের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৩.৩৬.১. কর্মচারী কল্যাণ বোর্ডের বিভিন্ন সেবাখাতের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	পরিচালক, কর্মচারী কল্যাণ বোর্ড, সিলেট
৩.৩৭. জেলা পরিষদ, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/ মৌলভীবাজার: জেলা পরিষদ কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প গুণগতমান বজায় রেখে দ্রুত বাস্তবায়নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.৩৭.১. গৃহীত উন্নয়ন প্রকল্প গুণগতমান বজায় রেখে দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার
৩.৩৮. জোনাল সেটেলমেন্ট অফিস, সিলেট: বিভাগে মোট ৫,২৫৭টি জরিপ কাজের মধ্যে ৬১টি মৌজার ডিজিটাল নকশা/ক্যাডাস্ট্রাল (Draft/DP) প্রকাশের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে ১১টি মৌজায় জরিপ কার্যক্রম চলমান রয়েছে যার মধ্যে ৯টি মৌজার ট্রাভার্স সার্ভে বা সীমানা নির্ধারণের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে এবং বাকি মৌজাগুলোর কাজ দ্রুত এগিয়ে চলেছে বলে সভাকে জানানো হয়।	৩.৩৮.১. ডিজিটাল জরিপ ও ম্যানুয়াল জরিপ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে।	জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট জোন, সিলেট

৩.৩৯. জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, সিলেট: জাতীয় সঞ্চয় অধিদপ্তর বিভাগীয় কার্যালয়, সিলেট কর্তৃক লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.৩৯.২. লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপপরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, সিলেট
৩.৪০. বিভাগীয় তথ্য অফিস, সিলেট: বিভাগীয় তথ্য অফিসের সকল কার্যক্রম বর্তমানে স্বাভাবিক ও গতিশীল রয়েছে এবং নিয়মিত প্রচার কার্যক্রম অব্যাহত আছে মর্মে সভাকে জানানো হয়। সর্বজনীন পেনশন স্কীম সর্ম্পকে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা কার্যক্রম পরিচালনা করার বিষয়ে সভায় গুরুত্বারোপ। সরকারি বিভিন্ন কার্যক্রম, সভা-সমাবেশ ও স্পোর্টসসহ জনকল্যাণমূলক উদ্যোগগুলোর তথ্য যাতে সাধারণ নাগরিকেরা সহজেই জানতে পারেন সেজন্য প্রচারণা কার্যক্রম পরিচালনার উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.৪০.১. তথ্য অফিসের প্রচার-প্রচারণা কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ৩.৪০.২. সর্বজনীন পেনশন স্কীম সর্ম্পকে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা কার্যক্রম পরিচালনা করতে হবে। ৩.৪০.৩. সরকারি বিভিন্ন কার্যক্রম, সভা-সমাবেশ ও স্পোর্টসসহ জনকল্যাণমূলক উদ্যোগ সম্পর্কে জনগণকে অবহিত করতে হবে।	পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট
৩.৪১. বিভাগীয় বিটিসিএল অফিস, সিলেট: বিভাগীয় বিটিসিএল অফিসের দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে মর্মে সভাকে জানানো হয়।	৩.৪১.১. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে।	জেনারেল ম্যানেজার, সিলেট টেলিযোগাযোগ অঞ্চল, সিলেট
৩.৪২. বিভাগীয় পরিসংখ্যান অফিস, সিলেট: সভায় নিয়মিত উপস্থিত থাকাসহ বিভাগীয় পরিসংখ্যান অফিসের বিভিন্ন শুমারীসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৩.৪২.১. সভায় নিয়মিত উপস্থিতসহ বিভিন্ন শুমারী কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, সিলেট
৩.৪৩. বিভাগীয় বিআরটিএ অফিস, সিলেট: বিভাগীয় বিআরটিএ অফিসের দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে মর্মে সভাকে জানানো হয়।	৩.৪৩.১. দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	পরিচালক (ইঞ্জি:), বিভাগীয় বিআরটিএ অফিস, সিলেট
৩.৪৪. আঞ্চলিক নির্বাচন অফিস, সিলেট: সভায় অনুপস্থিত থাকায় দাপ্তরিক কার্যক্রম সর্ম্পকে বিস্তারিত জানা যায়নি।	৩.৪৪.১. সভায় নিয়মিত উপস্থিতসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট
৩.৪৫. বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, সিলেট: বিসিসি আঞ্চলিক কার্যালয়ের বিভিন্ন প্রশিক্ষণসহ দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে মর্মে সভাকে জানানো হয়।	৩.৪৫.১. বিভিন্ন প্রশিক্ষণসহ দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	আঞ্চলিক পরিচালক, বিসিসি, সিলেট অঞ্চল, সিলেট
৩.৪৬. বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ : সভায় অনুপস্থিত থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	৩.৪৬.১. নিয়মিত প্রকল্প পরিদর্শন করতে হবে এবং প্রকল্পের কাজ সময়মতো সমাপ্ত করার জন্য সচেষ্ট থাকতে হবে।	১.প্রতিনিধি, আইএমইডি ২.সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান
৩.৪৭. জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড: জালালাবাদ গ্যাস কোম্পানীর গ্রাহক ও প্রতিষ্ঠানের নিকট বিল বকেয়া আদায়সহ সকল দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে জানানো হয়।	৩.৪৭.১. গ্রাহক ও প্রতিষ্ঠানের গ্যাস বিলের বকেয়া আদায়সহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	মহাব্যবস্থাপক, জেজিটিডিএসএল, সিলেট

৩.৪৮. বিভাগীয় আনসার ভিডিপি অফিস, সিলেট: আনসার ভিডিপির সদস্যদের বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে জানানো হয়।	৩.৪৮.১. আনসার ভিডিপি সদস্যদের বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	উপ-মহাপরিচালক, বিভাগীয় আনসার, ভিডিপি, সিলেট
৩.৪৯. সিলেট মেট্রোপলিটন পুলিশ: সিলেট মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন চলমান অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের নির্মাণ কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা হয়।	৩.৪৯.১. এসএমপি'র চলমান উন্নয়ন প্রকল্পসমূহের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।	১.পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট ২.অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট
৩.৫০. রেঞ্জ ডি আই জি'র কার্যালয়, সিলেট: সিলেট রেঞ্জ পুলিশের অধীন বিভিন্ন থানার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের নির্মাণ বিষয়ে সভায় আলোকপাত করা হয়। রেঞ্জ ডিআইজির আওতাধীন বিভিন্ন প্রকল্পের ৩২টি স্থাপনার কাজ চলমান রয়েছে বলে সভাকে জানানো হয়। তাছাড়া জালালাবাদ গ্যাসের বকেয়া বিলের আংশিক পরিশোধ করা হবে বলে সভাকে জানানো হয়।	৩.৫০.১. উন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পগুলোর নির্মাণ কাজ গুণগতমান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। ৩.৫০.২. জালালাবাদ গ্যাসের বকেয়া বিল পরিশোধের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. ডিআইজি, রেঞ্জ ডি আই জি'র কার্যালয়, সিলেট ২.অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট

৩.৫১. বিবিধ: **৩.৫১.১. বকেয়া বিল সংক্রান্ত:** এ বিভাগাধীন সকল দপ্তরের নিকট পাওনা বকেয়া বিদ্যুৎ ও গ্যাস বিল, সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। দপ্তর প্রধানকে বিদ্যুৎ বিলসহ অন্যান্য বিল পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। **৩.৫১.২. বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী সংক্রান্ত:** সকল সরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তরে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ৩.৫১.৩. **সকল সরকারি ভবনে সোলার স্থাপন সংক্রান্ত:** সরকারের নীতিগত সিদ্ধান্ত অনুযায়ী সকল সরকারি ভবনে সৌর বিদ্যুৎ ব্যবস্থা চালুর বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। **৩.৫১.৪. কর্মচারী নিয়োগ সংক্রান্ত:** এ বিভাগাধীন সকল দপ্তরের জনবল সংকট দূরীকরণে দ্রুত ১৩-২০ গ্রেডের কর্মচারী নিয়োগ কার্যক্রম সম্পন্নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। **৩.৫১.৫. বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ:** বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন কার্যবিবরণী প্রাপ্তির সাথে সাথে অত্র অফিসের ই-মেইল **(divcomsylhetgeneral@gmail.com)** এ প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। **৩.৫১.৬. সদস্য কো-অপ্ট:** সিলেট বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্য হিসেবে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট এর নিরাপদ খাদ্য অফিসারকে অর্ন্তভূক্তকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। **৩.৫১.৭. ওয়েবসাইট আপডেটকরণ:** বিভিন্ন অফিস/দপ্তর/অধিদপ্তরের ওয়েবসাইটে প্রবেশ করে সবধরণের তথ্য পাওয়া যায়। অনেক দপ্তরের ওয়েব পেইজ আপডেট নেই মর্মে পরিলক্ষিত হওয়ায় বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়।	৩.৫১.১. সকল দপ্তরের নিকট পাওনা বকেয়া বিদ্যুৎ, গ্যাস ও সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স পরিশোধের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। ৩.৫১.২. সকল সরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তরে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। ৩.৫১.৩. সকল সরকারি ভবনে সৌর বিদ্যুৎ ব্যবস্থা চালুর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ৩.৫১.৪. এ বিভাগাধীন সকল দপ্তরের ১৩-২০ তম গ্রেডের শূন্য পদে কর্মচারী নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। **৩.৫১.৫. বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির অক্টোবর, ২০২৬ মাসের সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ১৯ নভেম্বর, ২০২৬ তারিখের মধ্যে এ অফিসের ই-মেইল ঠিকানায় (divcomsylhetgeneral@gmail.com) প্রেরণ নিশ্চিত করতে হবে।** ৩.৫১.৬. সিলেট বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্য হিসেবে নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট কে কো-অপ্ট করতে হবে। ৩.৫১.৭. প্রত্যেক অফিসকে স্ব স্ব দপ্তরের ওয়েবসাইট হালনাগাদকরণ করতে হবে।	বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সকল সদস্যবৃন্দ

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তিঃ

(১) পরিশিষ্ট ক

২৯-১০-২০২৬
মোঃ মশিউর রহমান
কমিশনার
ফোন : ০২৯৯৬৬৪৩২৬৬
ইমেইল : divcomsylhet@mopa.gov.bd

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩
২৯ অক্টোবর ২০২৬

নম্বর: ০৫.৪৬.০০০০.০০০.০০৫.০৬.০০০১.২২.৪৩৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট।
৪। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৫। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৬। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৮। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট বিভাগ।
৯। কর কমিশনার, কর অঞ্চল, সিলেট।
১০। পরিচালক, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।
১১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগীয় গণপূর্ত অফিস, সিলেট।
১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সড়ক জোন, সিলেট।
১৩। উপমহাপরিচালক, রেঞ্জ কমান্ডারের কার্যালয়, বিভাগীয় আনসার ও ভিডিপি অফিস, সিলেট বিভাগ, সিলেট।
১৪। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।
১৫। পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট।
১৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), এলজিইডি, সিলেট বিভাগ, সিলেট।
১৭। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী'র দপ্তর, বিতরণ অঞ্চল, বিউবো, সিলেট।
১৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, সিলেট।
১৯। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
২০। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
২২। জেলা প্রশাসক, সিলেট।
২৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।
২৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।
২৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার।
২৬। প্রধান নিবার্হী কর্মকর্তা, জেলা পরিষদ, সুনামগঞ্জ।
২৭। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, সিলেট।
২৮। জোনাল সেটেলমেন্ট অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, সিলেট।
২৯। উপ-ভূমি সংস্কার কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩০। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট।
৩১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৩২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ কার্যালয়, সিলেট।
৩৩। পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট।

৩৪। পরিচালক, বিভাগীয় পরিবেশ অধিদপ্তর অফিস, সিলেট।
৩৫। পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
৩৬। পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৩৭। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সিলেট অঞ্চল।
৩৮। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন সিলেট বিভাগীয় কার্যালয়।
৩৯। পরিচালক (ইঞ্জি:), বিভাগীয় বিআরটিএ অফিস, সিলেট।
৪০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিভাগীয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর অফিস, সিলেট।
৪১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট সার্কেল, সিলেট।
৪২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি (সেচ), সিলেট।
৪৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট জোন।
৪৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, এইচইডি, সার্কেল-৬, সিলেট।
৪৫। কারা উপ মহাপরিদর্শক, ডিআইজি প্রিজন্স অফিস, সিলেট বিভাগ, সিলেট।
৪৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট।
৪৭। উপপরিচালক, বিভাগীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অফিস, সিলেট।
৪৮। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
৪৯। উপপরিচালক (চলতি দায়িত্ব), বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, সিলেট।
৫০। উপপরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল।
৫১। আঞ্চলিক উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট।
৫২। উপ-পরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
৫৩। উপপরিচালক, বিআরডিবি, খাদিমনগর, সিলেট।
৫৪। উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ।
৫৫। উপ-পরিচালক, বিএসটিআই, বিভাগীয় অফিস, সিলেট।
৫৬। উপপরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয় ,সিলেট।
৫৭। বিভাগীয় বন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সিলেট বন বিভাগ।
৫৮। জেনারেল ম্যানেজার, বিভাগীয় বিটিসিএল অফিস, সিলেট।
৫৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।
৬০। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট।
৬১। পরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), সিলেট বিভাগ।
৬২। যুগ্ম পরিচালক (বীজ বিপণন), বিএডিসি, সিলেট।
৬৩। যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, সিলেট।
৬৪। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, সিলেট।
৬৫। প্রকল্প পরিচালক, আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্প, সিলেট।
৬৬। উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, সিলেট।
৬৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, সিলেট।
৬৮। আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, সিলেট।
৬৯। ম্যানেজার, সিলেট আঞ্চলিক অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর।
৭০। অধ্যক্ষ, সিলেট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র।
৭১। নিরাপদ খাদ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব), নিরাপদ খাদ্য অফিসার এর দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মেট্রোপলিটন কার্যালয়, সিলেট।
৭২। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৭৩। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৭৪। অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

২৯-১০-২০২৬
মোঃ মশিউর রহমান
কমিশনার